জীবননগরে হাতুড়ে ডাক্তারের ভুল চিকিৎসায় এক গৃহবধুর মৃত্যু

জীবননগরে গ্রাম্য হাতুড়ে ডাক্তারের ভুল চিকিৎসায় গৃহবধুর অকাল মৃত্যু হয়েছে।গত বৃহসপ্রতিবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলার পেয়ারা তলা বাজারে এ ঘটনা ঘটে ।

নিহত গৃহবধু জীবননগর পৌর সভার ২নং ওর্য়াড নারায়নপুর সরকার পাড়ার আশাদুল হকের স্ত্রী রোফছানা খাতুন (৩২) ।

পারিবারিক সুত্রে জানা গেছে, রোফছানা খাতুন বেশ কিছু দিন যাবৎ এ্যাজমা রোগের কারনে শারিরীক ভাবে অসুস্থ ছিলো । যার ফলে পরিবারের সদস্যরা তাকে চিকিৎসার জন্য পেয়ারা তলা বাজারের রিপন ফার্মেসীর মালিক গ্রাম্য হাতুড়ে ডাক্তার সুজনের কাছে চিকিৎসার জন্য নিয়ে যায়।

সেখানে চিকিৎসা নিতে গেলে তার গায়ে দুটি ইনজেকশন দেওয়ার সাথে সাথেই তার মৃত্যু হয়। এদিকে ঘটনাটি অন্যদিকে প্রবাহিত করার জন্য ওই ডাক্তার স্থানীয় কিছু প্রভাবশালী নেতা এবং কিছু সাংবাদিকদের ম্যানেজ করে বিষয়টি ধামা চাপা দেওয়ার জন্য চেষ্ঠা করে । এবং নিহত গৃহবধুর লাশ নিয়ে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্ের ভর্তি করলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষনা করে ।

এদিকে গত বৃহসপ্রতিবার বিকালে তড়িঘড়ি করে গৃহবধুর লাশ নারায়ন পুর সরকার পাড়া কবর স্থানে দাফন করে । গৃহবধুর মৃত্যুর সংবাদটি নিশ্চিত করেন স্থানীয় মেম্বার রিপন হোসেন তিনি বলেন, সুজন ডাক্তারের কাছে এক রোগী চিকিৎসা নিতে এসে মারা গিয়েছে আমি সংবাদ শুনে ঘটনা স্থানে ছুটে আসি এবং স্থানীয় সুত্রে জানতে পারি ডাক্তার রোগীকে ইনচেজকশন দেওয়ার পর তার মৃত্যু হয়।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েরর পঃ পঃ কর্মকর্তা ডাঃ রফিকুল ইসলাম বলেন, আমি শুনেছি একটি গ্রাম্য ডাঙ Íারের কাছে চিকিৎসা নেওয়া অবস্থায় একজন রোগীর মৃত্যু হয়েছে ।তবে রোগীটি জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্ের নেওয়ার আগেই তার মৃত্যু হয়।

গ্রাম্য ডাক্তার সুজনের সাথে কথা বললে তিনি বলেন, আমি কোন রোগীর

ভুল চিকিৎসা প্রদান করিনি যে রোগী মারা গেছে তাকে আমি একটি গ্যাসের ইনজেকশন ইসোনিক্◌্র এবং একটি কটসন ইনজেকশন দিয়েছি ওই রোগীর এ্যাজমা ছিলো সে কি কারনে মারা গেছে এটা আমি বলতে পারবো না ।

জীবননগর থানার অপিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম বলেন,ভুল চিকিৎসায় রোগীর মৃত্যুর ঘটনাটি আমি জানি না এখনও পর্যন্ত কোন অভিযোগ পায়নি তবে অভিযোগ পেলে তদন্ত পূর্বক ব্যবস্থা নিবো ।

- জীবননগর প্রতিনিধি

শাফিকউর রহমান সভাপতি, নজীর সাধারন সম্পাদক

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ:লীগের ত্রি-বার্ষিক সম্মেলন গতকাল শক্রুবার বিকাল ৩ ঘটিকার সময় কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ:লীগের ভারপ্রাপ্ত সভাপতি শাফিকউর রহমান মাষ্টারের সভাপতিত্বে ও কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ:লীগের সাধারন সম্পাদক নজীর আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন

চুয়াডাঙ্গা জেলা আ:লীগের সহ-সভাপতি চুয়াডাঙ্গা ০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর,উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আ:লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আ:লীগের সহ-সভাপতি রহমতুল-◌াহ,

জেলা আ:লীগের সাংগঠনিক সম্পাদক আসাদুজ্জামান লিটু,সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক হাজী সহিদুল,দর্শনা পৌর আ:লীগের সাধারন সম্পাদক দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আ:লীগের সাধারন সম্পাদক জেলা পরিষদ

জিএস আ:হামিদ,কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি রফিকুল ইসলাম এপি,ইমদাদুল হক ইমন,মজিদ,সাধারন সম্পাদক মোস্তাফিজ কচি,যুগ্ম সম্পাদক শরীফুজ্জামান শরীফ, শরীফ রতন,প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মেহেদী হাসান মিলন,দপ্তর সম্পাদক বখতিয়ার খলজি বকুল,অর্থ বিষয়ক সম্পাদক শফিউদ্দীন বাবু,যুবলীগ নেতা

জাফর,আক্তারুল,কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সাধারন সম্পাদক ও কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সাধারন সম্পাদক সাজেদুল বিশ্বাস মিঠু, সাজেদুল বিশ্বাস মিঠু,কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা,সহ-সভাপতি তুহিন ,সাধারন সম্পাদক সানাউল কবির শিরিন,সাংগঠনিক সম্পাদক আবু বক্কর সিদ্দিক,ফরহাদ,সাজ্জাদ, ,খালিদ,রিয়াদ,মানিক,শিপলু,শাহীন,রাব্বী প্রমুখ।

- কার্পাসডাঙ্গা প্রতিনিধি

দেলোয়ার সভাপতি,ফারুক সম্পাদক নির্বাচিত

আলমডাঙ্গা উপজেলার পৌর আওয়ামীলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্টিত হয়েছে।দেলোয়ার হোসেনকে সভাপতি ও মতিয়ার রহমান ফারুক সাধারন সম্পাদক নির্বাচিত হয়েছে।

ব্যাপক উৎসাহ উদ্দিপনার মধ্য দিয়ে আলমডাঙ্গা সরকারি পাইলট উচ্চবিদ্যালয়ে গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৩ টার দিকে ত্রী- বার্ষিক সম্মেলনে সভাপতিত্ব করেন পৌর আওয়ামীলীগের সভাপতি আবু মুছা ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দার ছেলুন।

ত্রি-বার্ষিক সম্মেলন এর শুভ উদ্ভোধন করেন আলমডাঙ্গা উপজেলা

জেলা আওয়ামীলীগ নেতা এ্যাডঃ বিল ◌াল হোসেন , উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল ◌া, বীর মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম , খন্দকার শাহ আলম মন্টু , সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান, কাজী খালেদুর রহমান অরুন, আলম হোসেন , জেলা আওয়ামীলীগের সদস্য দেলোয়ার হোসেন ,।

পৌর আওয়ামীলীগের সম্পাদক সিরাজুল ইসলামের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন , , উপজেলা সাংস্কৃতিক সম্পাদক ইন্দ্রজিৎ দেব শর্মা , প্রচার সম্পাদক রেজাউল ইসলাম তবা , উপ-প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন , , নুরুল ইসলাম দিপু , ইউপি চেয়ারম্যান আবু সাইদ পিন্টু , নজরুল ইসলাম , আব্দুর রাজ্জাক , উপজেলা যুবলীগের সভাপতি আহসান উল ◌াহ , বিআরডিবি চেয়ারম্যান মহিদুল ইসলাম মুহিদ ,

জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান জোয়ার্দার অনিক , জেলা যুবলীগের সদস্য পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক , সাইফুর রহমান পিন্টু , , সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার , সৈকত খান , সাকিব , অটল।

সভায় সর্বসম্মতি ক্রমে দেলোয়ার হোসেন কে সভাপতি ও মতিয়ার রহমান ফারুক কে সাধারন সম্মাদক করে ৭১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

-আলমডাঙ্গা প্রতিনিধি

শহীদ মিজানুর রহমান স্মৃতি ফুটবলে গোল্ড কিং ফাইনালে

মেহেরপুর রানা মুন্না এন্টার প্রাইজ এর উদ্যোগে বোসপাড়া যুব স¤প্রদায়ের সহযোগিতায় ঘোষপাড়া নেশার মাঠে অনুষ্ঠিত শহীদ মিজানুর রহমান স্মৃতি ফুটবল টুর্ণামেন্টে গোল্ড কিং দ্বিতীয় দল হিসেবে ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে।

শুক্রবার অনুষ্ঠিত দ্বিতীয় সেমিফাইনাল খেলায় গোল্ড কিং

ট্রাইবেকারে বক্স কে ১-০ গোলে কে পরাজিত করে।

নির্ধারিত সময়ে খেলাটি গোলশ‚ন্য ভাবে শেষ হয় শেষ পর্যন্ত ট্রাইবেকারে মাধ্যমে নিষ্পত্তি করানো হয়।

ট্রাইবেকারে উভয় দলই সাতটি করে কিক নিলেও শেষ পর্যন্ত গোল্ড কিং ১-০ গোলে জয়লাভ করে। গোল্ডকিং ফাইনালে রেনেসাঁ ক্লাব সিনিয়র সাথে মোকাবেলা করবে।

- নিজেস্ব প্রতিনিধি

মেহেরপুরে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে দুরন্ত হোটেল বাজার জয়ী

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে দুরন্ত হোটেল বাজার জয়লাভ করেছে ।

শুক্রবার বিকালে অনুষ্ঠিত খেলায় দুরন্ত হোটেল-বাজার ৯-১ গোলে কোলা ইলেভেন ইষ্টার কে পরাজিত করে ।

বিজয়ী দলের পক্ষে চপল ৭টি, ইলিয়াস ও অয়ন একটি করে গোল করেন। কোলা ইলেভেনের পক্ষে মাসুম একটি গোল পরিশোধ করেন ।

খেলাটি পরিচালনা করেন কামাল হোসেন মিন্টু, ফারা হোসেন লিটন, তাদের সহযোগিতা করেন আব্দুল কুদ্দুস।

- নিজেস্ব প্রতিনিধি

সোনাউল্লা সভাপতি, কামাল সাধারণ সম্পাদক

আলমডাঙ্গা পৌরসভার ১নং ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি ঘোষনা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলা ও পৌর আওয়ামী লীগ নেতৃবৃন্দ সোনাউল্লাকে সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী কামাল হোসেনকে সাধারণ সম্পাদক করে কমিটি ঘোষনা করেন।

কমিটি ঘোষনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পৌর আওয়ামী লীগের সভাপতি আবু মুসা।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ-উজ-জামান লিটু বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদির গনু, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক, যুবলীগ নেতা সাইফুর রহমান পিন্টুসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

সভায় সোনা উল্লাহকে সভাপতি ও কামাল হোসেনকে সাধারণ সম্পাদক মনোনীত করে পৌর সভার ১নং ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি ঘোষনা করা হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

গাংনীতে ভ্রাম্যমাণ আদালতে দুই ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরের গাংনী বাজারের দুই দোকান মালিককে ভ্রাম্যমাণ আদালতে ৭ হাজার টাকা জরিমানা করেছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে গাংনী শহরের আমীন মিষ্টান্ন ভান্ডার ও মেসার্স রহমান ট্রেডার্স এ অভিযান পরিচালনা করেন ভ্রাম্যমাণ

আদালত।

নোংরা পরিবেশে মিষ্টি দ্রব্য প্রস্তুত ও বিক্রয়ের দায়ে আমীন মিষ্টান্ন ভান্ডারের মালিক রাশিদুল ইসলামকে ভোক্তা অধিকার আইনে নির্বাহী ম্যাজিষ্ট্রেট সুজন দাস গুপ্ত ৫ হাজার টাকা ও পাটের বস্তার পরিবর্তে প্লাস্টিক বস্তায় মালামাল বিক্রয় করার দায়ে নির্বাহী ম্যাজিষ্ট্রেট মিথিলা দাস রহমান ট্রেডার্স এর মালিককে ২ হাজার টাকা জরিমানা আদায় করেন।

- গাংনী প্রতিনিধি

আমঝুপি থেকে সোনার অলংকার ও হাতকুড়াল উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার গোভিপুর গ্রাম থেকে সন্দেহভাজন কাবিরুল ইসলাম নামের এক যুবককে আটক করার পর তার স্বীকারোক্তি মূলক জবানবন্দিতে তার বাড়ি থেকে বেশ কিছু সোনার অলংকার, বেশ কয়েকটি মোবাইল ফোন ও ১টি হাতকুড়াল উদ্ধার করা হয়েছে।

কাবিরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের আলমগীরের ছেলে।
জানা গেছে, গতকাল বৃহস্পতিবার কাবিরুল মেহেরপুর সদর উপজেলার গোভিপুর গ্রামে সন্দেহভাজন ঘোরাফেরা করার সময় এলাকাবাসীর সন্দেহ পরে পুলিশে খবর দেয়া হলে পুলিশ তাকে জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে তার স্বীকারোক্তিতে মেহেরপুর সদর থানার ওসি শাহ দারার নেতৃত্বে পুলিশ কাবিলের বাড়িতে অভিযান চালিয়ে বেশকিছু চোরাই স্বর্ণালংকার, কয়েকটি মোবাইল ফোন ও ১টি হাতকুড়াল করা হয়।

এ সময় আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু সেখানে উপস্থিত ছিলেন। অভিযানের পর কাবিরুলের মা কাকলি বেগমকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নেওয়া হয়েছে। সদর থানার ওসি শাহ দারা বলেন, কাবিরুল্ল দেওয়া তথ্য মতে এখনও অভিযান চালানো হবে।

- নিজেস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গার আকন্দবাড়িয়ায় গার্ড ওয়াল নির্মাণ কাজে অনিয়মের অভিযোগ

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া গাংধার পাড়া থেকে শামসুল ইসলাম সড়ক পযন্ত রাস্তা ও গার্ড ওয়াল কাজে ব্যাপক কারচুপির অভিযোগ উঠেছে।

এলাকাবাসি সাথে সাথে প্রতিবাদ করে গার্ড ওয়ালগুলো ভেঙ্গে ফেলে। এলাকাবাসি অভিযোগ করে বলেছে গার্ড ওয়ালে যেভাবে বালু সিমেন্ট দেওয়ার কথা না দিয়ে গুজা মিল দিয়ে তৈরি করছে গার্ড ওয়াল। এ ভাবে দেখে গ্রামবাসি সাথে সাথে গার্ড ওয়ালগুলো খুলে খুলে দেখায় সাংবাদিকসহ জন প্রতিনিধির কাছে।

সাথে সাথে গ্রামবাসি কাজ বন্ধ করে দেয়। এলাকাবাসি আরও অভিযোগ করে বলেন দুর্নীতিবাজ ঠিকাদার আরিফ হোসেন মিস্ট্রি সাথে যোগসাজে দিয়ে এভাবে চালিয়ে যাচ্ছে দুই নং ইট বালু ও সিমেন্ট না দিয়ে তার ইচ্ছা মত চাল্লাছে রাস্তার কাজ।

এ বিষয়ে দুর্নীতিবাজ ঠিকাদারকে জিজ্ঞেস করলে এ প্রতিবেদকে তিনি বলেন আমার যে মিস্তিরি কাজ করছে সে ভুল করে এগুলো করছে। আমি সব আবার ঠিক করে দিব।

জানা গেছে আকন্দবাড়িয়া গাংধার পাড়া থেকে আকন্দবাড়িয়া মাঝপাড়া পযন্ত গার্ড ওয়াল নির্মাণ কাজে প্রায় ১ কোটি ৩৪ লাখ টাকা ব্যায়ে রাস্তাসহ টেন্ডার পায় ঠিকাদার আরিফ হোসেন। এ কাজে সিডিউল মোতাবেক না করে দুর্নীতিবাজ ঠিকাদার আরিফ হোসেন নিয়ম না মেনে তার কাজ চাল্লাছে ইচ্ছা মতো।

এ এলাকাবাসী বলেছে ঠিকমত কাজ না করলে এ কাজ বন্ধ থাকবে। এ রাস্তাটি নতুন করে মেরামত করলে কিছুটা দুভোগ কমবে সাধারণ

মানুষের। এ বিষটি খতিয়ে দেখে তদন্ত পৃর্বক ব্যাবস্থা নেবেন বলে এল জি ডি কতৃপক্ষের কাছে জোর দাবি জানিয়েছে গ্রামবাসি।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে সরকারি ভাবে আমন ধান সংগ্রহ শুরু

মেহেরপুরে সরকারি ভাবে কৃষকদের কাছ থেকে সরাসরি আমন ধান সংগ্রহ শুরু হয়েছে।
গতকাল বুধবার দুুপুরে শহরের তাহের ক্লিনিক পাড়ায় সরকারি গুদামে ধান সংগ্রহের উদ্বোধন করেন জেলা প্রশাসক আতাউল গনি।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন জেলা খাদ্য নিয়ন্ত্রক আব্দুল হামিদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম। জেলার তিন উপজেলার কৃষকদের কাছ থেকে সরাসরি ৩ হাজার ২৮৮ মেট্রিকটন ধান সংগ্রহ করবে খাদ্য বিভাগ।

প্রতিটি কৃষক ৫০০ কেজি করে ধান দেওয়ার সুযোগ পাবে। কৃষক নির্বাচন করা হবে লটারির মাধ্যমে।

জেলা প্রশাসক বলেন, ধান সংগ্রহে কোন প্রকারের অনিয়ম বরদাস্ত করা হবেনা। কেউ অনিয়ম করলে তার বিরুদ্ধে আইনি ব্যবস্তা নেওয়া হবে বলেও তিনি জানান।

- নিজস্ব প্রতিনিধি